# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭০৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - দণ্ডায়মান হওয়া

## আরবী

عَنْ
أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَجْلِسُ مَعَنَا فِي الْمَسْجِدِ يُحَدِّثُنَا فَإِذَا قَامَ قُمْنَا قِيَامًا حَتَّى نَرَاهُ قد دخل بعض بيُوت أَزْوَاجه

## বাংলা

৪৭০৫-[১১] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে বসে আমাদের সাথে কথাবার্তা বলতেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন দাঁড়াতেন, আমরাও দণ্ডায়মান হতাম। যতক্ষণ পর্যন্ত না তাঁকে নিজের কোন স্ত্রীর ঘরে প্রবেশ করতে দেখতাম, ততক্ষণ পর্যন্ত আমরা দণ্ডায়মান থাকতাম।[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : শু‘আবুল ঈমান লিল বায়হাক্বী ৮৯৩০, আবূ দাঊদ ৪৭৭৫, নাসায়ী ৪৭৭৬, য‘ঈফ সুনানুন্ নাসায়ী ৩২৯।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ হলো, এর সনদে ‘‘মুহাম্মাদ ইবনু হিলাল’’ নামের এক বর্ণনাকারী আছে, যে তার পিতা থেকে বর্ণনা করেছে। তার পিতার ব্যাপারে ইমাম আহমাদ ইবনু হাম্বাল (রহিমাহুল্লাহ)-কে জিজ্ঞেস করা হলে তিনি বলেনঃ আমি তাকে চিনি না। হিলাল নামের বর্ণনাকারী অপরিচিত। দেখুন- ‘আওনুল মা‘বূদ ১৩/৯৩ পৃঃ।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (فَإِذَا قَامَ قُمْنَا قِيَامًا) এর দ্বারা উদ্দেশ্য হলো : প্রায়ই রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সাথে মসজিদে বসে আলোচনা করতেন। আলোচনার শেষে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন গৃহে ফেরার উদ্দেশে উঠে দাঁড়াতেন তখন আমরাও উঠে দাঁড়িয়ে থাকতাম। এ জন্য যে, আমাদের কারো প্রতি রসূল

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রয়োজন পড়তে পারে। সুতরাং আমরা ও অতি তাড়াতাড়ি যেন তার আদেশ পালন করতে পারি। অথবা তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) পুনরায় মাজলিসে ফিরে আসতে পারেন এজন্যই আমরা মাজলিস ত্যাগ করতাম না। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আগমনে বা ফিরে যাওয়ার সম্মানের জন্য আমরা তা করতাম না। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75429

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন